গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে
গড়ব দেশ শেখ
হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০১৮.১৭.৯৯

তারিখ: ১৮ চৈত্র ১৪২৪
০১ এপ্রিল ২০১৮

বিষয়: **চট্টগ্রাম জেলার বায়েজিদ থানাধীন ওয়াজেদিয়া কামিল মাদরাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।**

সূত্র: (১) ওয়াজেদিয়া কামিল মাদরাসার স্মারক নং-অধ্যক্ষ এর আবেদন। তারিখ:১৬.১০.২০১৭ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ:০৯.০৯.২০১৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, ওয়াজেদিয়া কামিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোস্থ ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -
(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাস্থ ১ম ব্যক্তি জনাব অধ্যাপক হারুন-উর রশিদ খান এম.এ ডিগ্রিধারী একজন ব্যক্তি। তিনি (জনান অধ্যাপক হারুন-উর রশিদ খান) মাদরাসায় জমি দান করেছেন এবং প্রতিষ্ঠালগ্ন থেকে আজ পর্যন্ত মাদরাসার উন্নয়নে সার্বিক সহযোগিতা করে আসছেন মর্মে মাদরসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্তি পত্রে উল্লিখিত হয়েছে। তিনি শিক্ষা উন্নয়নে সরাসরি জড়িত এবং দীর্ঘ দিন কলেজে কাজ করার অভিজ্ঞতার আলোকে বর্ণিত মাদরাসায় তিনি (জনাব অধ্যাপক হারুন-উর রশিদ খান) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।
(খ) তাঁর (জনাব অধ্যাপক হারুন-উর রশিদ খান) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, ওয়াজেদিয়া কামিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩.এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোস্থ ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব অধ্যাপক হারুন-উর রশিদ খান, পিতা: মৃত- ছফি উল্লাহ খান, গ্রাম: ওয়াজেদিয়া, ডাক: ওয়াজেদিয়া, থানা: বায়েজিদ,জেলা: চট্টগ্রাম -কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

১-৪-২০১৮
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক
ফোন: ৪১০৩০১৬৭

অধ্যক্ষ ওয়াজেদিয়া কামিল মাদরাসা ডাক: ওয়াজেদিয়া মাদরাসা,
থানা: বায়েজিদ,জেলা: চট্টগ্রাম ।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০১৮.১৭.৯৯/১(৪)

তারিখ: ১৮ চৈত্র ১৪২৪
০১ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।

৩) সভাপতি, ওয়াজেদিয়া কামিল মাদরাসা ডাক: ওয়াজেদিয়া মাদরাসা, থানা: বায়েজিদ,জেলা: চট্টগ্রাম ।

৪) জনাব অধ্যাপক হারুন-উর রশিদ খান, পিতা: মৃত- শফিক উল্লাহ খান, গ্রাম: ওয়াজেদিয়া, ডাক: ওয়াজেদিয়া, থানা: বায়েজিদ,জেলা: চট্টগ্রাম।

১-৪-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক